ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসের আমের বস্তায় ৯ কেজি গাঁজা আটক ১

ঝিনাইদহ শহরের সুন্দরবন কুরিয়ার সার্ভিসে আসা আমের বস্তা থেকে প্রায় ৯ কেজি গাঁজা উদ্ধার করেছে ঝিনাইদহ গোয়েন্দা পুলিশের সাইবার ইনভেস্টিগেশন টিম। উদ্ধারকৃত গাঁজার মুল্য ৫ লাখ ৮৫ হাজার টাকা।

রবিবার দুপুরে শহরের এইচএসএস সড়কের সুন্দরবন কুরিয়ার সার্ভিস থেকে গাঁজাসহ পলি খাতুন নামে এক পাচারকারীকে আটক করা হয়। পলি খাতুন মাগুরার বুজরুক শ্রীকুন্ডি গ্রামের পিকুল বিশ্বাসের মেয়ে। তার স্বামীর নাম ফরিদ হোসেন।

গ্রেফতারের পর পুলি পুলিশকে জানিয়েছেন, জয়নাল নামে মাগুরার এক ব্যক্তি খাগড়াছড়ি থেকে তার নামে আমের সঙ্গে ৯ কেজি গাঁজা পাঠিয়ে দেয়। অর্থের বিনিময়ে তিনি এই গাঁজার গন্তব্যে পৌছে দিতে গতকাল রবিবার দুপুরে আমের বস্তা রিসিভ করতে আসেন।

ঝিনাইদহ জেলা গোয়েন্দা পুলিশের ওসি শাহিন উদ্দীন জানান, পুলিশ সুপার আজিম উল আহসান মহোদয়ের সার্বিক তত্বাবধানে গোপন সূত্রে খবর পেয়ে ডিবি পুলিশের এসআই খালিদ হাসান, এসআই রবিউল ইসলাম ও এএসআই ইকলাছুর রহমানের নেতৃত্বে একদল পুলিশ ঝিনাইদহ সুন্দরবন কুরিয়ার সার্ভিসে অভিযান চালায়।

অভিযানকালে আমের বস্তা থেকে ৯ কেজি গাজা উদ্ধারসহ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে পলি খাতুন নামে এক নারীকে আটক করে। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানায় মাদক আইনে একটি মামলা।

মেহেরপুরে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বিক্ষোভ মিছিল ও সমাবেশ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা.জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মামলার রায় কে ফরমায়েশি দাবি করে রায়ের প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম।

আজ রবিবার (৬ আগষ্ট) সকাল ১০ টার দিকে বিক্ষোভ মিছিলটি আইনজীবী ভবনের সামনে থেকে শুরু হয়ে জেলা প্রশাসকের কার্যালয় প্রদক্ষিণ করে আইনজীবী ভবনের সামনে এসে শেষ হয়। পরে সেখানে সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সাধারণ সম্পাদক এড. মারুফ আহাম্মেদ বিজনের নেতৃত্বে এসময় এড. আনোয়ার হোসেন, এড. মোখলেছুর রহমান স্বপন, এড. কামরুজ্জামান, এড. নজরুল ইসলাম, এড. আসাদুল আজম খান খোকন, এড. সাইদুর রহমান টোকন, এড. আবদুল্লাহ আল মামুন অনল, এড. ফরিদ উদ্দিনসহ সংগঠনটির নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় আইনজীবীরা বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তাঁর সহধর্মিণী ডা. জুবাইদা রহমান এর বিরুদ্ধে দুদকের মিথ্যা মামলায় ফরমায়েশি রায় ঘোষণাসহ সারাদেশে আওয়ামী লীগের দুর্নীতি, নির্যাতন ও মিথ্যা মামলা দায়েরের প্রতিবাদ করেন।

অ্যাডভোকেট মারুফ আহাম্মেদ বিজন বলেন, সারাদেশে ৪৫ লাখ আর ঢাকা শহরে ২০ লাখ মামলা বিচারের আশায় ঝুলে আছে। সেসব মামলা নিস্পত্তি হচ্ছেনা। মাত্র ১ মাসে ৪৭ জন স্বাক্ষীর সাক্ষ্য গ্রহণ করে তারেক রহমান ও তার স্ত্রী জুবাইদা রহমানের বিরুদ্ধে মিথ্যা মামলা দিয়ে এই ফরমায়েসি রায় দেওয়া হয়েছে।

মারুফ আহাম্মেদ আরও বলেন, ইতোমধ্যে একজন বিচারক এই মামলায় তারেক রহমানকে মামলা থেকে খালাস দেওয়ায় তার জীবনে নেমে এসেছে দূর্বিসহ যন্ত্রণা। ওই বিচারকের বিরুদ্ধে সরকারের পক্ষ থেকে একাধিক মামলা দায়ের করা হয়। অবশেষে তিনি এই দেশ থেকে পালিয়ে গিয়েছেন।

তিনি বলেন, প্রধান বিচারপতি এসকে সিনহা যতদিন আওয়ামীলীগের ফরমায়েসী রায় দিয়েছেন ততদিন আওয়ামীলীগের চোখের মনি ছিলেন। যখন সুষ্ঠ বিচার করতে শুরু করলেন তখন তাকে লাঠি মেরে তাড়ানো হয়েছে। মেয়র তাপসের কথা উল্লেখ করে তিনি বলেন, তাপস বলেছিল আমরা প্রধান বিচারপতিকে সরিয়ে দিয়েছি। এতে প্রমানিত হয় যে, এই সরকারের আমলে সরকার যেটি চাইনা তেমন রায় দেওয়ার ক্ষমতা আদালতের নেই। এই সরকার আদালতকে নানাভাবে আটকিয়ে রাখার চেষ্টা করছে। তিনি বলেন, ভাল ভাল বিচারকদের প্রমোশন না দিয়ে সাধারণ বিচারকদের প্রমোশন দিয়ে তাদের ফরমায়েসি রায় দিয়াচ্ছেন। তারেক রহমানকে মিথ্যা মামলা দিয়ে ফরমায়েশি রায়ের মাধ্যমে তারেক রহমানকে কারাগারে রাখার ষঢ়যন্ত্র করছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ১১ জন গ্রেফতার

মেহেরপুরে পুলিশের নিয়মিত ১২ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ১১ আসামি গ্রেফতার হয়েছে।

শনিবার দিবাগত রাতভর জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম, গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের বিভিন্ন টিম গ্রেফতার অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৬ জন, গাংনী থানা পুলিশের অভিযানে ৪ জন ও মুজিবনগর থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেন।

আজ রবিবার (৬ আগষ্ট) বেলা ১২ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনার বাড়াদী সীমান্তে ২০ কেজি দানাদার রুপা জব্দ

চুয়াডাঙ্গা-৬ বিজিবি দর্শনা সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়ে ৩৪ লাখ ৫০ হাজার টাকা মৃল্যের দানাদার রুপা আটক করেছে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসির নেতৃত্বে,অভিযান চালায় বাড়াদী সীমান্তে। এ অভিযানে বিজিবি ২০ কেজি ওজনের পলিথিন পিপি প্যাকেটে মোড়ানো ১৭১৪.৬৭ ভরি ভারতীয় দানাদার রুপা আটক করেছে।

বিজিবি জানায়, গতকাল শনিবার চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত বারাদী সীমান্তে বারাদী বিওপি হতে নিয়মিত টহল পরিচালনাকালে বারাদী বিওপির টহল কমান্ডার হাবিলদার সোহরাওয়াদী হোসেন গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্স নিয়ে বাড়াদী সীমান্তের মেইন পিলার ৮০/৬-আর হতে আনুমানিক ২শ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাথাভাঙ্গা নদীর পাড়ে এ্যাম্বুশ করে।

এসময় বিকাল ৫ টার দিকে অজ্ঞাত কিছু ব্যক্তিকে শুন্য লাইন অতিক্রম করে মাথাভাঙ্গা নদীর পাড়ের দিকে আসতে দেখে।বাড়াদী বিজিবি সশস্ত্র টহল দুই ভাগে বিভক্ত হয়ে চোরাচালানীদেরকে ধাওয়া করে। ফলে বিজিবির ধাওয়া খেয়ে চোরাচালানীরা তাদের মাথায় থাকা বস্তাটি ফেলে দৌড়ে ভারতের অভ্যন্তরে পালিয়ে যায়। পরবর্তীতে বিজিবি টহল দল চোরাকারবারীদের ফেলে যাওয়া বস্তাটি জব্দ করে। জব্দকৃত বস্তার ভিতর ১৬টি পলিথিনের প্যাকেট হতে ২০ কেজি (১৭১৪.৬৭ ভরি) ভারতীয় দানাদার রুপা আটক কর।।

এ ব্যাপারে হাবিলদার সোহরাওয়াদী হোসেন বাদী হয়ে দর্শনা থানায় মামলা করে। আটককৃত ভারতীয় দানাদার রুপাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

[illegible] [illegible] [illegible]

হয়। আটক কৃতদের গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

পুলিশ জানায়, চিতলা গ্রামের আশরাফুল ইসলামের একটি খাশি ছাগল চুরি করে অটোরিকশায় নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা ধাওয়া করে। চোরের দল পাকুড়িয়া গ্রামে পৌঁছালে ছাগলমালিক তার ছাগল চিনতে পেরে তাদের আটক করে। এসময় ৫ জন চোর চক্রের মধ্যে অটোরিকশা ফেলে তিনজন পালিয়ে যায়। ফজলে হোসেন ও লিটনকে ধরে গণধোলাইয়ের পর গাংনী থানা পুলিশের কাছে সোপর্দ করা হয়।

গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুৃমার নন্দী জানান, ছাগল চুরির অপরাধে দুজনকে গাংনী থানায় সোপর্দ করেছে। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

চুয়াডাঙ্গা ৩ কেজি গাঁজাসহ গ্রেফতার ২

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখার ডিবি পুলিশের মাদক বিরোধী অভিযানে ৩কেজি গাঁজাসহ ২জনকে গ্রেফতার করা করেছে। গতকাল বৃহস্পতিবার রাত ১২টার দিকে উজিরপুর তাল্লু সুতার মিলের সামনে থেকে।

পুলিশ সূত্রে জানা গেছে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ জনাব ফেরদৌস ওয়াহিদ এর নেতৃত্বে এসআই সুমন্ত বিশ্বাস সঙ্গীয় অফিসার এএসআই বিজন কুমার, এএসআই মোঃ আবেদুর রহমান সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে রাত আনুমানিক ১২টার দিকে দামুড়হুদা থানাধীন চুয়াডাঙ্গা টু দামুড়হুদা গামী রোডে উজিরপুর তাল্লু সুতার মিলের সামনে পাকা রাস্তার উপর হইতে ৩কেজি গাঁজাসহ ২জনকে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামিরা হলেন দামুড়হুদা দশমী পাড়ার ফিরোজ আলীর ছেলে আক্কাস আলী (৪০) ও পুরাতন বাজার পাড়ার মৃত মোকলেছুর রহমানের ছেলে জামাল উদ্দিন ওরফে লিটন(২৯)।

গ্রেফতারকৃত আসামিদের বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে গাঁজাসহ আটক-১

দামুড়হুদা মডেল থানা পুলিশের মাদক বিরোধী সফল অভিযান পরিচালনা করে ৬’শ গ্রাম মাদকদ্রব্য গাঁজা সহ হাফিজুর রহমান হাফু (৪৮) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা যায়, শুক্রবার সন্ধ্যা ৬ টার দিকে দামুড়হুদা মডেল থানার সদ্য যোগদানকৃত অফিসার ইনচার্জ, মোঃ আলমগীর কবীরের নেতৃত্বে দামুড়হুদা থানাধীন হাউলী ইউপি’র পুরাতন বাস্তপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালানো হয়। এসময় গোপন সংবাদের ভিত্তিতে পুরাতন বাস্তুপুর সাকিনস্থ পুরাতন বাস্তুপুর দাখিল মাদ্রাসার সামনে দামুড়হুদা টু রঘুনাথপুরগামী পাকা সড়কের উপর থেকে আনুমানিক সন্ধ্যা ৬টার দিকে পুরাতন বাস্তুপুর গ্রামের মৃত.ফকির বিশ্বাসের ছেলে চিহ্নিত মাদক ব্যবসায়ী মোঃ হাফিজুর রহমান হাফুকে ৬’শ গ্রাম অবৈধ মাদকদ্রব্য গাঁজা সহ হাতেনাতে আটক করা হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানা অফিসার ইনচার্জ মো: আলমগীর কবীর জানান, মাদকদ্রব্য সহ আটককৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। তিনি আরও জানান থানা এলাকায় মাদকদ্রব্য ব্যবসায়ীর হুশিয়ারি করেন অত্র থানা এলাকায় কোন মাদক ব্যবসায়ীকে ছাড় দেওয়া হবে না এবং মাদকবিরোধী অভিযান চলমান থাকবে।

আলমডাঙ্গায় বাড়ির গর্তে গাঁজা চাষ দুই ভাই গ্রেপ্তার

আলমডাঙ্গায় সদ্য নির্মিত বসত বাড়ির পাশের গর্তে গাঁজা চাষের অভিযোগে আপন ২ ভাইকে গ্রেফতার করেছে পুলিশ। বৃহস্পতিবার রাত পৌনে ৯টার দিকে উপজেলার দুর্লভপুর গ্রামের মাঠপাড়ায় অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন উপজেলার গোপিবল্লভপুর গ্রামের মোজাম্মেল হকের ছেলে লালন (৩৮) ও খোকন আলি (৩২) । আগামীকাল শুক্রবার দুপুরে তাদের বিচারিক আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হবে বলে জানা গেছে।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ এ তথ্য নিশ্চিত করেন।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানাগেছে, কুমারী ইউনিয়নের দুর্লভপুর গ্রামের মাঠপাড়ায় সদ্য নির্মিত বাড়ির পাশের গর্তে গাঁজা চাষ করা হচ্ছে এমন অভিযোগ ওঠে। ওই এলাকার বসতবাড়িতে পুলিশ গাঁজা গাছ উদ্ধারের অভিযান চালাই। অভিযানের সময় দেখা যায়, লালনের সদ্য নির্মিত বাড়িতে ১টি গাঁজা গাছ রয়েছে। গাছের উচ্চতা প্রায় ১০ ফিট ও ১০ কেজি ওজনের গাঁজা গাছ জব্দ করা হয়। একইসঙ্গে দুই ভাইকে আসামি করে গ্রেপ্তার করা হয়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি বিপ্লব কুমার নাথ জানান, ওই বাড়ি থেকে ১০ কেজি ওজনের ১টি গাঁজার গাছ উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়েছে। এ ঘটনায় থানায় মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়েরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। আগামীকাল শুক্রবার দুপুরে গ্রেপ্তারকৃত আসামিদের চুয়াডাঙ্গা চীফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে সোপর্দ করা হবে বলে জানিয়েছেন এই পুলিশ কর্মকর্তা।

দর্শনা সীমান্তে বিজিবি-বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে বৈঠক

চুয়াডাঙ্গার দর্শনা জয়নগর সীমান্তে বিজিবি-বিএসএফ সেক্টর কমান্ডার পর্যায়ে পতাকা বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার ৩ আগষ্ট সকাল ১০টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত দর্শনা আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে দুদেশের সীমান্তরক্ষীদের মধ্যে এ বৈঠক চলে।

এতে বিজিবি পক্ষে কুষ্টিয়া সেক্টর কমান্ডার কর্নেল এমারত হোসেন ও ভারতের বিএসফের পক্ষে নেতৃত্ব দেন কৃষ্ণনগর ডিআইজি শ্রী সঞ্জয় কুমার।

বিজিবি ব্যাটালিয়নের পক্ষে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন পরিচালক লে.কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পিএসসিহ, কুষ্টিয়া বিজিবি সেক্টরের অতিরিক্ত পরিচালক মেজর আবু সাঈদ মোহাম্মদ মেহেদী হাসান, ৫৮ বিজিবি ব্যাটালিয়ন পরিচালক লে. কর্নেল মাসুদ পারভেজ রানা, ৪৯ বিজিবি ব্যাটালিয়ন অতিরিক্ত পরিচালক মেজর সেলিম উদ্দোজা, বিজিবি-৬ ব্যাটালিয়নের অতিরিক্ত পরিচালক হায়দার আলী, বিজিবি-৫৮ ব্যাটালিয়নের অতিরিক্ত পরিচালক সাইফুল ইসলাম, দর্শনা বিজিবি কোম্পানী কমান্ডার সবেদার জহির উদ্দিন বাবর, বিজিবি বিওপি কমান্ডার শফিকুল ইসলাম এবং ভারতের বিএসএফের পক্ষে কমান্ডেন্ট সঞ্জয় প্রসাদ সিং, কমান্ডেন্ট সুনীল কুমার, কমান্ডেন্ট বিপিন পান্থরি, কমান্ডেন্ট বি মধুসূদন রাও, কমান্ডেন্ট সুজিত কুমার, ডেপুটি কমান্ডেন্ট দুর্গেশ কুমার ডেপুটি কমান্ডেন্ট বিনোদ কুমার, কোম্পানী কমান্ডার ভিতাশী ও কোম্পানী কমান্ডার ভিড পাল উপস্হিত ছিলেন।

কুষ্টিয়া বিজিবি সেক্টরের অতিরিক্ত পরিচালক মেজর আবু সাঈদ মোহাম্মদ মেহেদী হাসান বলেন, বৈঠকে দু’দেশের সীমান্তের চলমান নানা সমস্যা নিয়ে আলোচনা হয়েছে। বিশেষ করে বিএসএফ কর্তৃক সীমান্তে বাংলাদেশীদের ওপর গুলি না চালানো, পুশইন, মাদক চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধ ইত্যাদি বিষয়ে ফলপ্রসূ আলোচনা হয়েছে।